

বিশ্বের দীর্ঘতম আলপনা আঁকা হচ্ছে হাওরে

- A Monitor Desk Report

Date: 13 April, 2024



কিশোরগঞ্জ: বিশ্বরেকর্ড হিসেবে গিনেস বুকে ঠাঁই করে নিতে কিশোরগঞ্জের হাওরের মিঠামইনে ১৪ কিলোমিটার সড়কে বৈশাখী আলপনা অঙ্কন শুরু হয়েছে।

শুক্রবার (১২ এপ্রিল) বিকেলে কিশোরগঞ্জের হাওরের মিঠামইন উপজেলার অলওয়েদার সড়কের জিরো পয়েন্টে এই আলপনা অঙ্কন কাজের উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি সাংস্কৃতিক ব্যক্তিত্ব আসাদুজ্জামান নূর এমপি।

মিঠামইন জিরোপয়েন্ট থেকে অষ্টগ্রাম জিরোপয়েন্ট পর্যন্ত ১৪ কিলোমিটার অলওয়েদার সড়কে এই আলপনা আঁকার উদ্যোগ নেওয়া হয়েছে। আর এই আলপনা অঙ্কন করছেন ৬৫০ জন শিল্পী।

শুক্রবার (১২ এপ্রিল) শুরু হওয়া এই আলপনা অঙ্কন শেষ হবে আগামী রোববার (১৪ এপ্রিল)।

এশিয়াটিক এক্সপেরিয়েন্সিয়াল মার্কেটিং লিমিটেড, বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশনস লিমিটেড ও বার্জার পেইন্টস বাংলাদেশ লিমিটেডের যৌথ উদ্যোগের এই আয়োজনের নাম দেওয়া হয়েছে ‘আলপনায় বৈশাখ ১৪৩১’।

এই সড়কের আলপনা আঁকার পর বিশ্বরেকর্ড হিসেবে গিনেস বুক নথিভুক্ত করার উদ্যোগ নেবেন আয়োজকরা।

কিশোরগঞ্জ-৪ (ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম উপজেলা) আসনের সংসদ সদস্য রেজওয়ান আহাম্মদ তৌফিকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব আসাদুজ্জামান নূর এমপি, কিশোরগঞ্জ জেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট মো. জিল্লুর রহমান, গোয়েন্দা পুলিশের (ডিবি) প্রধান ও ডিআইজি মো. হাবুন অর রশীদ, কিশোরগঞ্জের জেলা প্রশাসক (ডিসি) মোহাম্মদ আবুল কালাম আজাদ, কিশোরগঞ্জ জেলার পুলিশ সুপার (এসপি) মোহাম্মদ রাসেল শেখ, চিত্রশিল্পী মনিরুজ্জামান, বার্জার পেইন্ট লিমিটেডের পরিচালক মহসিন হাবিব চৌধুরী, বাংলালিংক লিমিটেডের চিফ হিউমেন রিসোর্স কর্মকর্তা মন্জুলা মোর্শেদ প্রমুখ।

অনুষ্ঠানে মিঠামইন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. এরশাদ মিয়া, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সমীর কুমার বৈষ্ণব, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মো. ইব্রাহিম মিয়া, মিঠামইন সদর ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান অ্যাডভোকেট মো. শরীফ কামাল উপস্থিত ছিলেন।

-B